ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৬৯৩

আগরতলা, ১১ জুলাই, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

''প্রত্যন্তে ম্যালেরিয়া ও ডায়ারিয়া রোগের প্রদুর্ভাব, উদ্বেগ,'' এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ৯ জুলাই, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, খোয়াই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, তেলিয়ামুড়া মহকুমার অন্তর্গত মুঙ্গিয়াকামী ব্লকের কিছু প্রত্যন্ত ও দূরবর্তী অঞ্চলে ম্যালেরিয়া এবং ডায়ারিয়ার প্রাদুর্ভাব দেখা দিয়েছে।এই পরিস্থিতি মোকাবিলায়, আক্রান্ত এলাকাগুলোতে ডায়ারিয়া ও ম্যালেরিয়া নিয়ন্ত্রণে সব ধরনের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ইতিমধ্যেই সংশ্লিষ্ট এলাকার স্বাস্থ্য প্রতিষ্ঠানগুলোকে নিয়মিত স্বাস্থ্য শিবিরের আয়োজন করে ম্যালেরিয়া ও ডায়ারিয়া প্রতিরোধে কার্যকর ভূমিকা গ্রহণ করার জন্য নির্দেশ জারি করা  হয়েছে। বর্তমানে''স্টপ ডায়রিয়া ক্যাম্পেইন ২০২৫'' নামে একটি বিশেষ কর্মসূচি চলছে। এই ক্যাম্পেইনটি ১৬ জুন,২০২৫ থেকে শুরু হয়েছে এবং আগামী ৩১ জুলাই, ২০২৫ পর্যন্ত চলবে। এই কর্মসূচির মূল লক্ষ্য হলো জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা।এরই অংশ হিসেবে, প্রত্যন্ত অঞ্চলের সাব-সেন্টার এলাকাগুলোতে বাড়ি বাড়ি গিয়ে সবাইকে স্ক্রিনিং করা হচ্ছে।স্টেট ম্যালেরিয়া প্রোগ্রাম অফিসার, ডিস্ট্রিক ম্যালেরিয়া অফিসার এবং তেলিয়ামুড়ার সাব-ডিভিশনাল মেডিকেল অফিসাররা ইতিমধ্যে পরিস্থিতি পর্যালোচনা এবং প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য সংশ্লিষ্ট এলাকাগুলো পরিদর্শন করেছেন।

******